# Times Today BD

স্পোর্টস ডেস্ক | ময়মনসিংহ | 03 June, 2025

প্রতি বছরে ন্যায় এবারও নবারুণ পাবলিক স্কুলের প্রাক্তন শিক্ষার্থীদের উদ্যোগে অনুষ্ঠিত হচ্ছে "নবারুণ প্রিমিয়ার লিগ" সিজন-৬। এবারের আয়োজক ব্যাচ এসএসসি ২০১৯, সার্বিক ব্যবস্থাপনায় নবারুণ এক্স স্টুডেন্ট এসোসিয়েশন।

আজ বিকেল ৩ ঘটিকায় নবারুণ পাবলিক স্কুল মাঠে নবারুণ প্রিমিয়ার লিগ সিজন ৬ এর ট্রফি উন্মোচনের অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এ বছর উক্ত লীগে অংশগ্রহণ করবে প্রাক্তন ১২ টি ব্যাচ।

তারা হলো :

এসএসসি ২০১৪, এসএসসি ২০১৫, এসএসসি ২০১৬, এসএসসি ২০১৭, এসএসসি ২০১৮, এসএসসি ২০১৯, এসএসসি ২০২০, এসএসসি ২০২১, এসএসসি ২০২২, এসএসসি ২০২৩, এসএসসি ২০২৪, এসএসসি ২০২৫।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নবারুণ পাবলিক স্কুলের প্রিন্সিপাল জনাব আনোয়ার কমল, ভাইস প্রিন্সিপাল মোঃ রাশেদুল ইসলাম বিপ্লব, সিনিয়র শিক্ষক মোস্তাক আহমেদ, এম এ আজিজ মদিনা, হাসানুল বাসার সিদ্দিক, সুমন সোহানুর, জাকির হোসেন সহ আরো অনেক শিক্ষক বৃন্দ ।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলো আয়োজক ব্যাচ এসএসসি ২০১৯ এবং অংশগ্রহণকারী ব্যাচসমূহ।তারা তাদের নিজ নিজ দলের জার্সি পড়ে অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

উক্ত লীগের প্রথম ম্যাচ ভীমগঞ্জ হাই স্কুল মাঠে ০৪/০৬/২৫ তারিখে সকাল ৬:৩০ এ অনুষ্ঠিত হবে।

প্রথম ম্যাচে অংশগ্রহণ করবে এসএসসি ২০২২ বনাম এসএসসি ২০২৫।

ট্রফি উন্মোচন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:20

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/7758073317